অঃ প্রঃ প্রঃ MSW / P&M

ডাইরী নং ৩২৪৭ ②প্রঃসংঃ
তারিখ ০২।০১।২০
প্রধান প্রকৌশলীর (সওজ) দপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় ও প্রশিক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

০২/০১/২০২০
প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

নং- ৩৫.০০.০০০০.০২৬.৯৯.০০৩.১৬-০২

তারিখঃ ১৭ পৌষ ১৪২৬
০১ জানুয়ারি ২০২০

বিষয়ঃ নারী উন্নয়নে জাতীয় কর্মপরিকল্পনার ওপর মতামত প্রদান সংক্রান্ত।

সূত্রঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৯২.০০৬.০১৬.১৬-১৩৫, তারিখ: ২৬/১২/২০১৯

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের ছায়ালিপি এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। সূত্রস্থ পত্রের মর্মানুযায়ী দপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা নারী উন্নয়নে জাতীয় কর্মপরিকল্পনা (সংযুক্ত) এর উপর মতামত আগামী ০৫/০১/২০২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে

০১/০১/২০২০
(তসলিমা কানিজ নাহিদা)
যুগ্মসচিব
☎ ৯৫৭৫৫২৮
E-mail : dstraco@rthd.gov.bd

বিতরনঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
২. নির্বাহী-পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা
৩. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৪. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৫. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা
৬. যুগ্মসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

নং ৬৬ তাং ০৫/০১/২০২০
নিঃপ্রঃ, প্রঃওসং/তদন্ত/নিঃ আইন কর্মকর্তা
ব্যবস্থা নিন/আলাপ করুন।
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
প্রশাসন ও সংস্থাপন, তেজগাঁও, ঢাকা।

স্মারক নং- ৫৫
জরুরী/ অতীব জরুরী
১ উঃবিঃপ্রঃ
২ সহঃ প্রকৌঃ
৩ প্রঃসহঃ
৪ বিঃহিঃবঃ

তারিখঃ ৭/১/২০
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
খসড়া উপস্থাপন করুন
আলাপ করুন
নিঃ প্রঃ (সওজ)
প্রশাসন ও সংস্থাপন

০৫/০১/২০২০

স্মারক নং-৩৫.০১.০০০০.৩০২.২৬.০২৬.১৯(টেম্প-২)-৮৯(৫) তারিখঃ ১৯/০১/২০২০

অনুলিপি জ্ঞাতার্থে ও তাঁর নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরসমূহকে অবহিত করার নিমিত্ত আদিষ্ট হয়ে সংলগ্নীসহ প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওজ), ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং/পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং/ব্রীজ ম্যানেজমেন্ট উইং / যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা/টেকনিক্যাল সার্ভিসেস উইং/ঢাকা জোন, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা/ ময়মনসিংহ জোন/কুমিল্লা জোন/রাজশাহী জোন/বরিশাল জোন/খুলনা জোন/চট্টগ্রাম জোন/রংপুর জোন/সিলেট জোন/ গোপালগঞ্জ জোন।

২। প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ, সওজ), ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ঢাকা/গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি), ঢাকা/কাঁচপুর, মেঘনা ও গোমতি ২য় সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু পুনর্বাসন প্রকল্প, ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্পঃ জয়দেবপুর-চন্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা সড়ক (এন-৪) ৪-লেনে মহাসড়কে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/ টেকনিক্যাল এ্যাসিসটেন্স ফর সাব-রিজিয়নাল রোড ট্রান্সপোর্ট প্রজেক্ট প্রিপ্রেরেটরি ফ্যাসিলিটি-II, ঢাকা/ওয়েষ্টার্ণ বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রজেক্ট, ঢাকা/ক্রস বর্ডার নেটওয়ার্ক ইম্প্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), ঢাকা/সাসেক সড়ক সংযোগ প্রকল্প-II: এলেঙ্গা-হাটিকামরুল-রংপুর মহাসড়ক চার লেনে উন্নীতকরণ প্রকল্প, ঢাকা/আশুগঞ্জ-নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চার লেনে জাতীয় মহাসড়কে উন্নীতকরণ, ঢাকা/মাতারবাড়ী কয়লা নির্ভর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্প (সওজ অংশ), ঢাকা/রাজাপুর-নৈকাঠী-বেকুটিয়া-পিরোজপুর (জেড-৮৭০২) সড়কের বেকুটিয়া কচা নদীর উপর ৮ম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ প্রকল্প/Study for Identification, Prioritization and Pre-Feasibility of PPP Projects under Roads and Highways Department শীর্ষক প্রকল্প, ঢাকা (প্রেষণে)।

৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/অতিরিক্ত প্রকল্প পরিচালক (সওজ), ..............................

৪। প্রকল্প পরিচালক (তঃপ্রঃ, সওজ), ৩য় কর্ণফুলী সেতু নির্মাণ প্রকল্প, চট্টগ্রাম/লেবুখালী সেতু নির্মাণ প্রকল্প, পটুয়াখালী/ঢাকা-সিলেট মহাসড়ক ভুলতায় ৪-লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ শীর্ষক প্রকল্প, ঢাকা/ইটনা-মিঠামইন-অষ্ট্রগ্রাম সড়ক নির্মাণ শীর্ষক প্রকল্প, কিশোরগঞ্জ।

৫। সিনিয়র সিষ্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (সওজ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৬। নির্বাহী প্রকৌশলী/প্রকল্প ব্যবস্থাপক/উপ-প্রকল্প পরিচালক (সওজ), ..............................

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৯/০১/২০২০

(মোঃ আমানউল্লাহ)
পরিচিতি নং-০০৫০২৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), সওজ
প্রশাসন ও সংস্থাপন
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ফোনঃ ০২-৮৮৭৯৩১৯।

# সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

## মন্ত্রণালয়ের মূল দায়িত্ব

- মহাসড়ক নেটওয়ার্কের মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ।
- জাতীয়, আঞ্চলিক ও জেলা সড়কসমূহের উন্নয়ন ও সম্প্রসারণ।
- অর্থনৈতিক দৃষ্টিকোণ থেকে গুরুত্বপূর্ণ মহাসড়ক নির্মাণ প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।
- ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা প্রবর্তন ও পরিচালনা।
- নিরাপদ সড়ক নিশ্চিত করা।
- সমন্বিত দ্রুতগতিসম্পন্ন গণপরিবহন ব্যবস্থার প্রবর্তন ও পরিচালনা।
- অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক রুটে যাত্রী ও পণ্য পরিবহন সেবা প্রদান।
- সড়ক পরিবহন সেক্টরে পাবলিক-প্রাইভেট পার্টনারশিপকে উৎসাহিত করা।

## মন্ত্রণালয় সংশ্লিষ্ট নীতিমালা ও আইন

- জাতীয় স্থল পরিবহণ নীতিমালা, ২০০৪
- জাতীয় সমন্বিত বহুমাধ্যম ভিত্তিক পরিবহণ নীতিমালা, ২০১৩
- রাইডশেয়ারিং সার্ভিস নীতিমালা (বিআরটিএ), ২০১৭

## মন্ত্রণালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহের সাথে নারী উন্নয়নের সম্পর্ক

- **মহাসড়ক নেটওয়ার্কের উন্নয়ন, সম্প্রসারণ ও রক্ষনাবেক্ষণ নিশ্চিতকরণ:** আন্তর্জাতিক, জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণের কাজে নারীদের সম্পৃক্ত করে, এতে নারীদের কর্মসংস্থানের সুযোগ তৈরি হচ্ছে এবং গ্রামীণ নারীদের উৎপাদিত পণ্য বিপণন দ্রুত ও সহজতর হচ্ছে।
- **মোটরযান ব্যবস্থাপনার আধুনিকায়ন:** ডিজিটাল মোটরযান ব্যবস্থাপনা সম্প্রসারণের ফলে নারীরাও তথ্য প্রযুক্তির সুযোগ-সুবিধা প্রাপ্তির পাশাপাশি আইসিটি সেন্টার পরিচালনার সুযোগ পাচ্ছে।
- **সড়ক নিরাপত্তা নিশ্চিতকরণ:** সড়ক দুর্ঘটনায় কোনো পরিবারের কেউ মারা গেলে পরিবারের নারী ও শিশুরাই বেশি ক্ষতিগ্রস্ত হয়। তাই নিরাপদ সড়ক নিশ্চিত হলে নারীরাই অধিকতর উপকৃত হবে।
- **দ্রুতগতিসম্পন্ন গণপরিবহন ব্যবস্থা প্রবর্তন ও সম্প্রসারণ:** নারীদের জন্য যানবাহনে পর্যাপ্ত সংখ্যক সিট সংরক্ষিত থাকবে বিধায় কর্মক্ষেত্রে নারীদের যাতায়াত সহজতর ও নিরাপদ হবে।
- **আন্তর্জাতিক ও অভ্যন্তরীণ রুটে যাত্রী ও মালামাল পরিবহন সেবা সম্প্রসারণ:** পুরুষদের পাশাপাশি নারীরাও স্বল্প খরচে দেশ বিদেশে ভ্রমণ করতে পারছে।

## নারী উন্নয়নের সাথে সম্পর্কিত মন্ত্রণালয়ের প্রধান নির্দেশনাসমূহ

- বিআরটিসি কর্তৃক পৃথক মহিলা বাস সার্ভিস চালুকরণ।
- বিআরটিসি-সহ সকল বাসে নারীদের জন্য সিট নির্দিষ্টকরণ।
- লোকাল রুটে কাউন্টার-ভিত্তিক বাস সার্ভিস চালুকরণ।

## সংশ্লিষ্ট খাতে লিঙ্গ বৈষম্য

- পরিবহন খাতে নারীদের অংশগ্রহণ কম।
- গণপরিবহনে নারীরা প্রতিনিয়ত যৌন হয়রানির শিকার হচ্ছেন। আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীর অপেশাদারী আচরণ এবং আইনপ্রয়োগে ধীরগতি অপরাধের মাত্রা বৃদ্ধি পেতে সহায়তা করছে।
- যানবহন ও পরিবহন টার্মিনালে নারী যাত্রীদের বিভিন্ন প্রয়োজনীয়তা ও সুবিধাদি নিশ্চিত করা হয় না।
- সীটসংখ্যা পর্যাপ্ত নয় এবং প্রতিবন্ধীদের জন্য যানবাহন সহজে প্রবেশগম্য নয়।
- গণপরিবহনের সংখ্যা অপর্যাপ্ত। গর্ভবতী, শিশুসহ নারী ও বয়স্কারা অগ্রাধিকার পান না।

## মন্ত্রণালয়ের মোট বাজেটে নারীর হিস্যা

- ২০১৭-১৮ অর্থবছরের সংশোধিত বাজেটে নারী উন্নয়নের লক্ষ্যে মন্ত্রণালয়, উন্নয়ন, ও অপারেশানস খাতে বরাদ্দ ছিলো যথাক্রমে ১৬.৪%, ১৬.১৩%, ও ১৭.৭১%।

- ২০১৮-১৯ অর্থবছরের বাজেটে নারী উন্নয়নের লক্ষ্যে মন্ত্রণালয়, উন্নয়ন, ও অপারেশানস খাতে বরাদ্দ ছিলো যথাক্রমে ৩০.৩৯%, ৩২.৭৫%, ও ১৬.৬০%।

## মন্ত্রণালয়ের সাফল্যসমূহ

- বর্তমানে বিআরটিসি মহিলা বাস সার্ভিসে ১৮টি বাস ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুরের বিভিন্ন রুটে চলাচল করছে। বিআরটিসি'র তিনটি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৬টি ড্রাইভিং প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ওয়েল্ডিং, পেইন্টিং ও ড্রাইভিং বিষয়ে ২,১১৮ জন নারীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।
- নারীদের জন্য বিআরটিএ'র আবাসিক ড্রাইভিং প্রশিক্ষণ কার্যক্রম থেকে জুন ২০১৭ পর্যন্ত ১৪,৮৮৬ জন নারী (পেশাদার ৫১ জন ও অপেশাদার ১৪,৩৩৫ জন) প্রশিক্ষণ শেষ করে ড্রাইভিং লাইসেন্স পেয়েছেন।
- বিআরটিসি বাসে নারী ড্রাইভার নিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে নারী কন্ডাক্টর নিয়োগ দেওয়া হয়েছে।
- নারীরা যাতে বাসায় বসে ক্রেডিট ও ডেবিট কার্ডের মাধ্যমে গাড়ির ট্যাক্স ও ফি পরিশোধ করতে পারে সে ব্যবস্থা করা হয়েছে।
- ঘরে বসে বিআরটিসি বাসের টিকিট ক্রয়ের জন্য ই-টিকেটিং ব্যবস্থা চালু করা হয়েছে।

# নারী উন্নয়নে ভবিষ্যৎ কর্মপরিকল্পনা: সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

| লক্ষ্য/থিম | নাউনী '১১ অনুসারে কার্যক্রম | কর্মপরিকল্পনা | আউটকাম সূচক[1] | সহযো |
|---|---|---|---|---|
| কন্যা শিশুর উন্নয়ন | ১৮.৬ শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন ক্ষেত্রে যেমন: রাস্তাঘাটে কন্যা শিশুরা যেন কোনোরূপ যৌন হয়রানি, পর্নোগ্রাফি, শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার না হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিতকরণ। | • বিক্রয় এলাকা ও পরিবহন টার্মিনালে নিরাপত্তা নিশ্চিতকরণের উদ্দেশ্যে পর্যাপ্ত আলো, সিসিটিভি ও নজরদারির ব্যবস্থা করা।<br>• পরিবহন -এর সকল প্রশিক্ষণ কর্মসূচিতে নারী ও শিশুর নিরাপত্তার বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা।<br>• পরিবহন ও ট্র্যাফিক পুলিশ বিভাগকে নারীর অধিকার সংশ্লিষ্ট আইন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া ও জেন্ডার সংবেদনশীল করা।<br>• ট্র্যাফিক যথাযথভাবে প্রতিপালন নিশ্চিত করা।<br>• সকল বাস টার্মিনালে নিয়মিত মাইকিং-এর মাধ্যমে সতর্কতার ব্যবস্থা নেওয়া। | • ৫.২.২_ বয়স ও ঘটনাস্থল ভেদে গত ১২ মাসকালে অন্তরঙ্গ সঙ্গী ব্যতীত অন্য কারো দ্বারা যৌন সহিংসতার শিকার হয়েছেন এমন ১৫ বছর বয়সী বা তদূর্ধ্ব নারীর অনুপাত।<br>• ১৬.১.৩ গত ১২ মাসে (ক) শারীরিক, (খ) মানসিক, ও (গ) যৌন সহিংসতার শিকার হয়েছে এমন জনসংখ্যার অনুপাত।<br>• ১৬.১.৪ লিঙ্গভেদে নিজ এলাকায় একাকী চলাফেরায় স্বাচ্ছন্দ্য বোধ করে এমন জনগোষ্ঠীর অনুপাত। | বিভাগ ও স সংস্থাসমূহ জননিরাপত্ত বিভাগ |
| নারীর প্রতি সকল নির্যাতন দূরীকরণ | ১৯.১: পারিবারিক ও সামাজিক পর্যায়ে এবং কর্মক্ষেত্রে নারীর প্রতি শারীরিক ও মানসিক যৌন নিপীড়ন, নারী ধর্ষণ, যৌতুক, পারিবারিক নির্যাতন ও এসিড নিক্ষেপসহ নারীর প্রতি সকল প্রকাশ সহিংসতা দূর করা। | • হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী যৌন হয়রানি রোধে বিভাগ এবং অধীনস্থ সকল প্রতিষ্ঠানে নারী অফিসারকে প্রধান করে অভিযোগ কমিটি গঠন।<br>• নারীদেরকে নির্ভয়ে তাদের প্রতি হওয়া অন্যায়ের ব্যাপারে সরব হতে প্রণোদনা প্রদান।<br>• কর্মক্ষেত্রে যৌন হয়রানিকে যথাযথ গুরুত্বের সাথে বিবেচনা করার লক্ষ্যে একটি সাধারণ নীতিমালা প্রণয়ন করে অধীনস্থ সকল প্রতিষ্ঠানকে তা অনুসরণের নির্দেশনা প্রদান।<br>• চালকের লাইসেন্স প্রাপ্তির পরীক্ষায় নারীর নিরাপত্তা বিষয়সমূহ অন্তর্ভুক্ত ও বিবেচনা করা।<br>• বাস টার্মিনালে নারীদের বিশ্রাম, নিরাপত্তা, বাতি, সিসিটিভির ব্যবস্থা করা।<br>• যে কোম্পানির বাসে যৌন হয়রানী হয় তার রুট পারমিট বাতিল বা এ জাতীয় শাস্তির ব্যবস্থা রাখা।<br>• সড়ক নিরাপত্তা আইনে যৌন হয়রানীর জন্য যাত্রী ও চালকদের শাস্তির ব্যবস্থা রাখা।<br>• সকল বাস টার্মিনালে নিয়মিত মাইকিং-এর মাধ্যমে সতর্কতার ব্যবস্থা নেওয়া। | • নারীকে প্রধান করে যৌন হয়রানি প্রতিরোধে কমিটি কার্যকরী।<br>• প্রণীত নীতিমালা সকল অধীনস্ত সংস্থায় বাস্তবায়িত হয়েছে।<br>• কর্মক্ষেত্রে যৌন হয়রানির শিকার নারীর অনুপাত।<br>• ১৬.১.৩_পূর্ববর্তী ১২ মাসে শারীরিক, মানসিক ও যৌন সহিংসতার শিকার জনসংখ্যার অনুপাত।<br>• ১৬.১.৪ লিঙ্গভেদে নিজ এলাকায় একাকী চলাফেরায় স্বাচ্ছন্দ্য বোধ করে এমন জনগোষ্ঠীর অনুপাত।<br>• ১৬.২.৩_১৮ বছর বয়সের মধ্যে যৌন সহিংসতার শিকার হতে হয়েছে এমন ১৮-২৯ বছর বয়সী তরুণ-তরুণীর অনুপাত।<br>• ৫.২.২_ বয়স ও ঘটনাস্থল ভেদে গত ১২ মাসকালে অন্তরঙ্গ সঙ্গী ব্যতীত অন্য কারো দ্বারা যৌন সহিংসতার শিকার হয়েছেন এমন ১৫ বছর বয়সী বা তদূর্ধ্ব নারীর অনুপাত।<br>• ১৬.১.৩ গত ১২ মাসে (ক) শারীরিক, (খ) মানসিক, ও (গ) যৌন সহিংসতার শিকার হয়েছে এমন জনসংখ্যার অনুপাত। | বিভাগ ও অ সংস্থাসমূহ জননিরাপত্তা বিভাগ |
| অর্থনৈতিক কর্মকান্ড ও নারীর অর্থনৈতি | ২৩.৫ সম্পদ, কর্মসংস্থান, বাজার ও ব্যবসায় নারীকে সমান সুযোগ ও অংশীদারিত্ব দেয়া। | • পরিবহন চালক হিসেবে অধিক সংখ্যায় নারীদের অংশগ্রহণে উৎসাহিত করার উদ্দেশ্যে প্রচারাভিযান চালানো।<br>• পরিবহন ব্যবসায়ে নারীর সম্পৃক্ততা বৃদ্ধি করা। | • সেবা পরিবহন খাতে কর্মরত জনসংখ্যার লিঙ্গভিত্তিক অনুপাত। | বিভাগ ও অধীন সংস্থাসমূহ |

[1]এই কর্মপরিকল্পনার জন্য সূচক নির্ধারণের ক্ষেত্রে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার জন্য নির্দিষ্ট সূচকসমূহ ও জাতীয় পর্যায়ে ব্যবহৃত সূচকসমূহের সাথে সাযুজ্যতা রাখা হয়েছে। সূচকের পূর্বে উল্লেখিত ক্রম টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার সূচকের ক্রম নির্দেশ করে। প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ নিজ নিজ দায়িত্ব অনুযায়ী প্রধান অথবা সহযোগী মন্ত্রণালয় /বিভাগ হিসাবে এই সূচকে অবদান রাখবে।

| | | | | |
|---|---|---|---|---|
| ক ক্ষমতায়ন | ২৩.১১ নারী যেখানে অধিক সংখ্যায় কর্মরত আছেন, সেখানে যাতায়াত ব্যবস্থা, বাসস্থান, বিশ্রামাগার, পৃথক প্রক্ষালণ কক্ষ এবং দিবাযত্ন কেন্দ্র স্থাপনসহ অন্যান্য প্রয়োজনীয় বিশেষ ব্যবস্থা গ্রহণ করা। | • বিআরটিসি কর্তৃক সকল জেলায় পৃথক মহিলা বাস সার্ভিস চালু করা।<br>• বিআরটিসি-সহ সকল বাসে শিশু, গর্ভবতী নারী ও বয়স্কাদের জন্য সিট নির্দিষ্টকরণ।<br>• যাত্রাকালে সীটপ্রাপ্তি নিশ্চিত করা।<br>• পরিবহন টার্মিনালে পরিচ্ছন্ন টয়লেট ও পানি এবং ব্রেস্ট-ফিডিং ও গর্ভবতী, কন্যাশিশু ও বয়স্কাদের বিশ্রামের উপযুক্ত ওয়েটিং রুম নির্মাণ।<br>• অফিস ও স্কুল ঘণ্টায় নারীদের জন্য অধিক সংখ্যায় বাস চালুর ব্যবস্থা করা।<br>• গাড়ির ট্যাক্স ও ফি পরিশোধ, বাসের টিকেট ক্রয় ব্যবস্থা সহজ করা। | • নারী ও প্রতিবন্ধীবান্ধব অবকাঠামোর অনুপাত। | বিভাগ ও অধীনস্থ সংস্থাসমূহ স্থানীয় সরকার বিভাগ |
| নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন | ২৫.১ স্বাস্থ্য, শিক্ষা, প্রশিক্ষণ, জীবনব্যাপী শিক্ষা, কারিগরী শিক্ষা, আয়বর্ধক প্রশিক্ষণ, তথ্য ও প্রযুক্তিতে নারীকে পূর্ণ ও সমান সুযোগ প্রদান করা। | • ওয়েল্ডিং ও পেইন্টিং-এ নারীদের প্রশিক্ষণ প্রদান।<br>• টিকেটিং, সিগ্যনালিং ও নিরাপত্তা বিষয়ে নারীদের প্রশিক্ষণ প্রদান।<br>• বাস চালক ও কন্ডাকটর হিসেবে নারীদের প্রশিক্ষণ প্রদান।<br>• অনলাইন টিকেটিং ও অন্যান্য সেবাদানে নারীদের প্রশিক্ষণ প্রদান। | • পরিবহন সেবাখাতে কর্মরত প্রশিক্ষণপ্রাপ্ত নারীর সংখ্যা ও অংশগ্রহণের হার। | বিভাগ ও অধীনস্থ সংস্থাসমূহ |
| নারীর কর্মসংস্থান | ২৬.১ নারী শ্রমশক্তির শিক্ষিত ও নিরক্ষর উভয় অংশের কর্মসংস্থানের জন্য সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করা। | • নিম্নোক্ত ক্ষেত্রসমূহের প্রশিক্ষণ ও কাজে নারীর সংখ্যা বৃদ্ধি:<br>▪ নারী শ্রমশক্তির লাইসেন্স প্রদান।<br>▪ বাসে নারী ড্রাইভার নিয়োগ।<br>▪ বাসে নারী কন্ডারক্টর নিয়োগ ।<br>▪ টিকেটিং কাজে নারীদের নিয়োগ।<br>▪ টার্মিনালে পরিবহনের টিকেট কাউন্টারে নারীদের নিয়োগ।<br>▪ টার্মিনাল ও বিক্রয় এলাকায় নারীদের জন্য স্থান বণ্টন।<br>▪ বিআরটি নির্মাণ ও রক্ষণাবেক্ষণের কাজে নারীদের নিয়োগ।<br>▪ বিআরটিসি মেরামত কারখানায় নারী কর্মী নিয়োগ। | • মোট নারী শ্রমশক্তির তুলনায় কর্মসংস্থানের সুযোগ হয়েছে এমন নারীর শতকরা হার। | বিভাগ ও অধীনস্থ সংস্থাসমূহ |
| জেন্ডার সংবেদনশীল বাজেট | ২৭.১ নারী উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে জেন্ডার সংবেদনশীল বাজেট প্রণয়ন কার্যক্রম অব্যাহত রাখা। | • নিম্নোক্ত খাতে বাজেট বৃদ্ধি:<br>▪ অবকাঠামো (নিরাপদ পানি, স্বাস্থ্যসম্মত স্যানিটেশান এবং টার্মিনালে গর্ভবতী, বয়স্কা ও প্রতিবন্ধীদের জন্য বিশ্রামস্থল)।<br>▪ পরিবহন ও টার্মিনালে সিসিটিভি, সিগন্যাল ও নিরাপত্তা সুবিধা।<br>▪ জনগণের মাঝে ট্র্যাফিক সচেতনতা তৈরি।<br>▪ ট্র্যাফিক আচরণ পর্যবেক্ষণ।<br>▪ ট্র্যাফিক নিরাপত্তা অ্যাকশন, সিগন্যাল প্রভৃতি জোরদার করা ও পর্যবেক্ষণে রাখা।<br>▪ দুর্যোগপ্রবণ এলাকায় ট্র্যাফিক যোগাযোগ পুনর্বহাল করা।<br>▪ বাস ও অন্যান্য পরিবহনে প্রতিবন্ধীরা সহজেই যাত্রা করতে পারে সে লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ।<br>• জেন্ডার বাজেট বাস্তবায়নের তথ্য সহ নিয়মিত প্রতিবেদন প্রণয়ন করা। | • বার্ষিক জেন্ডার বাজেটে বরাদ্দ বৃদ্ধি হার।<br>• নিয়মিত বিশ্লেষণমূলক বার্ষিক প্রতিবেদন প্রস্তুত। | বিভাগ ও অধীনস্থ সংস্থাসমূহ অর্থ বিভাগ জননিরাপত্তা বিভাগ |

| | | | | |
|---|---|---|---|---|
| | ২৭.২ জেন্ডার সংবেদনশীল বাজেট যথাযথভাবে বাস্তবায়ন করা এবং বাজেটকৃত অর্থের সর্বোত্তম ও যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বাস্তবায়ন ও পরিবীক্ষণ করার কাঠামো শক্তিশালী করা | • জেন্ডার বাজেটের ব্যয় ও ফলাফল নিয়মিত পরিবীক্ষণের উদ্দেশ্যে একটি ব্যবস্থা প্রবর্তন করা। | • সূচক চিহ্নিত করে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীদের নিয়ে একটি পরিবীক্ষণমূলক ব্যবস্থা প্রবর্তিত হয়েছে। | বিভাগ ও<br>সংস্থাসমূ<br>বাস্তবায়ন<br>পরিবীক্ষণ<br>মূল্যায়ন |
| | ২৭.৩ জেন্ডার ভিত্তিক পৃথক তথ্য/ উপাত্ত সংগ্রহ, সন্নিবেশ এবং নিয়মিত প্রকাশনার ব্যবস্থা গ্রহণ করা। | • সকল তথ্যের জেন্ডার-বিভাজিত বিন্যাসকরণ এবং নিয়মিত জেন্ডার রিপোর্ট প্রকাশ।<br>• পরিবহন, ব্যবসায়, কর্মসংস্থান প্রভৃতিতে নারীদের ভূমিকা সম্পর্কিত ডাটা সংগ্রহ করা এবং গণমাধ্যম প্রতিবেদন প্রকাশ। | সকল প্রতিবেদনে জেন্ডার-বিভাজিত তথ্য সন্নিবেশিত, নারীর অবস্থা প্রতিফলিত ও অবদান স্বীকৃত। | বিভাগ ও<br>সংস্থাসমূহ<br>পরিসংখ্যা<br>তথ্য ব্যবস্থ<br>বিভাগ<br>জননিরাপত<br>বিভাগ |
| নারীর প্রশাসনিক ক্ষমতায়ন | ৩৩.২ প্রশাসনিক, নীতি নির্ধারণী পদে অধিক হারে নারীদের নিয়োগ প্রদান করা। | • বিভাগ ও অধীনস্থ সংস্থাসমূহের নীতি-নির্ধারণী পর্যায়ে নারীর অংশগ্রহণ বৃদ্ধি।<br>• নীতি-নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে নারীর অংশগ্রহণ বৃদ্ধি করা।<br>• দেশে ও বিদেশে নারী কর্মকর্তা/কর্মচারীদের জন্য পেশাগত প্রশিক্ষণের ব্যবস্থা করা ও তাদের অংশগ্রহণ নিশ্চিত করা। | • ৫.৫.২_বিভাগ ও অধীনস্থ সংস্থাসমূহের ব্যবস্থাপনা/নীতি-নির্ধারণী পর্যায়ে নারীর অনুপাত। | বিভাগ ও অ<br>সংস্থাসমূহ<br>জনপ্রশাসন<br>মন্ত্রণালয় |
| গৃহায়ন ও আশ্রয় | ৩৫.৩ নারীর জন্য বিশেষ সুবিধা যেমন, হোস্টেল, ডরমিটরী, বয়স্কদের হোম, স্বল্পকালীন আবাসস্থলের ব্যবস্থা ছাড়াও গৃহায়ণ ও নগরায়ন পরিকল্পনায় দরিদ্র, দুঃস্থ ও শ্রমজীবী নারীর জন্য সংরক্ষিত ব্যবস্থা করা | • গুরুত্বপূর্ণ রোড টার্মিনালসমুহের (গাবতলী, সায়েদাবাদ, চট্টগ্রাম ও অন্যান্য জেলা টার্মিনাল) নিকটে ডরমিটরি ও হোস্টেল নির্মাণ এবং নারীদের জন্য আবাসন বণ্টন। | • নারীদের জন্য নির্মিত ডরমিটরি-হোস্টেল-আবাসনের সংখ্যা।<br>• ১.৪.১ মৌলিক সেবা সুবিধাভোগী খানায় বসবাসকারী জনসংখ্যার অনুপাত। | বিভাগ ও অ<br>সংস্থাসমূহ<br>গৃহায়ণ ও গণ<br>মন্ত্রণালয় |
| নারী ও দুর্যোগ | ৩৭.৭ দুর্যোগকালীন জরুরি অবস্থায় খাদ্য বিতরণ কার্যক্রম যেন নারীর চাহিদা পুরণ করতে পারে, তা নিশ্চিত করার জন্য পদক্ষেপ গ্রহণ করা। | • উদ্ধার অভিযান এবং ত্রাণ ও খাদ্য বিতরণ নিশ্চিতকরণের লক্ষ্যে দ্রুত রাস্তা সংস্কার ও পরিবহন ব্যবস্থা চালু করা। | • ১.৫.৪_জাতীয় দুর্যোগ মোকাবেলা কৌশলের সাথে সাযুজ্য রেখে স্থানীয় দুর্যোগ মোকারেলা কৌশল (রাস্তা সংস্কার সম্পর্কিত) প্রস্তুত ও বাস্তবায়ন করেছে এমন এলাকার অনুপাত। | বিভাগ ও অধী<br>সংস্থাসমূহ<br>জনপ্রশাসন<br>মন্ত্রণালয় |
| প্রতিবন্ধী নারী | ৩৯.৬ প্রতিবন্ধিতার কারনে কোন নারী যেন জাতীয় নারী নীতির আওতায় কোন প্রকার অধিকার, সুবিধা ও সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত না হয় তা নিশ্চিত করতে সকল অবকাঠামো, সুবিধা ও সেবাসমূহ সকলের জন্য প্রবেশগম্য করা। | • সকল ভবনে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য প্রবেশগম্যতা, নিরাপদ পানি, স্যানিটেশান ও যোগাযোগ ব্যবস্থা নিশ্চিত করা।<br>• বিআরটিসি ও অন্যান্য পরিবহনে প্রতিবন্ধীদের জন্য উপযোগী বাস সার্ভিস চালু করা ও ক্রমান্বয়ে সম্প্রসারিত করা।<br>• দুর্ঘটনাজনিত প্রতিবন্ধিতা এড়াতে ট্র্যাফিক আইন বাস্তবায়ন জোরদার করা। | • নারী ও প্রতিবন্ধী বান্ধব অবকাঠামোর (মন্ত্রণালয়ের অধীনস্থ সকল ভবন) অনুপাত। | বিভাগ ও অধীন<br>সংস্থাসমূহ<br>জনপ্রশাসন<br>মন্ত্রণালয়<br>অর্থ বিভাগ |